Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

**শিরোরোগান্তক তৈল**

ও

**শিরোরোগান্তক ঔষধ**

উর্দ্ধশ্লেষ্মাজনিত মাথা ভার, মাথা কামড়ান এই তৈল ও ঔষধব্যবহারে প্রশমিত হয়। মূল্য তৈল এক শিশি ২॥০ টাকা ঔষধ ২ সপ্তাহ ১৲ টাকা।
চ্যবনপ্রাশ /১ সের (৮০ তোলা) ১০৲ টাকা
মকরধ্বজ ১ তোলা ৮৲ টাকা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২২শে ভাদ্র বুধবার ১৩৫৬ ইংরাজী 7th Sep. 1949 { ১৭শ সংখ্যা

সাবানের সেরা

## রায়সন সাবান

ব্যবসাদারদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—
রয়সন কেমিক্যাল কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## বরফ

বাজারে বাহির হচ্ছে
স্থানীয় এজেন্সীর
ও
অন্যান্য সর্ত্তাবলীর জন্য
খোঁজ লউন।

বিনীত—
বহরমপুর আইস্ কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## ১৯০৭--১৯৪৭

'স্বদেশী যুগে'র প্রারম্ভে রবীন্দ্রনাথের পৈতৃক ভবন, জোড়াসাঁকোর সুপ্রসিদ্ধ ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ প্রমুখ কয়েকজন দেশপ্রাণ মনীষী 'হিন্দুস্থান'-এর গোড়াপত্তন করিয়াছিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল,—জীবন-বীমার দ্বারা ব্যক্তি ও জাতির আর্থিক-উন্নতি সাধন করা। এ বিষয়ে 'হিন্দুস্থান' পূর্ব্বাপর দেশবাসীর নিকট হইতে সর্ব্বান্তরিক সহযোগিতা লাভ করিয়া আসিতেছে এবং গত ৪১ বৎসরের জন-সেবায় ইহা আজ ভারতের অন্যতম সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ১৯৪৭ সালের সোসাইটির অসামান্য সাফল্যেই তাহার পরিচয় পাওয়া যায়।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| নূতন বীমা | ... | ১২ কোটি | ৩১ লক্ষ | টাকার | উপর | |
| মোট চল্‌তি বীমা | ... | ৫৫ ,, | ৬৩ ,, | ,, | ,, | |
| প্রিমিয়ামের আয় | ... | ২ ,, | ৩১ ,, | ,, | ,, | |
| বীমা তহবিল | ... | ১০ ,, | ৬৩ ,, | ,, | ,, | |
| মোট সংস্থান | ... | ১১ ,, | ৬৪ ,, | ,, | ,, | |
| দাবী শোধ [১৯৪৭] | ... | প্রায় ৫৪ লক্ষ টাকা | | | | |

কিন্তু হিন্দুস্থানের গর্ব্ব তাহার এই সকল কোটি কোটি টাকার অঙ্কে নহে, সে যে তাহার অকুণ্ঠ সেবা দ্বারা অসংখ্য পরিবারের অর্থসংস্থান করিয়া দিতে পারিতেছে, ইহাই তাহার প্রকৃত গর্ব্বের বিষয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২১শে ভাদ্র বুধবার সন ১৩৫৬ সাল

## মাতৃসেবাগ্রহ

"মাতৃসেবাগ্রহ" এই সমস্ত পদটীর সমাসবাক্য দুই প্রকার হইতে পারে। (১) মাতার সেবা তাহাতে আগ্রহ অর্থাৎ আসক্তি, (২) মাতার সেবা তাহার গ্রহ অর্থাৎ আপদ, আমাদের বঙ্গমাতার সেবা কার্য্য লইয়া দুই দল সেবাইতের মধ্যে বিষম কোলাহল উপস্থিত। একে তো আমাদের দেশ মাতৃকা বঙ্গভূমি স্বাধীনতা প্রাপ্তির সঙ্গে সঙ্গেই কর্ত্তারা কর্ত্তৃত্ব করিয়া মায়ের অঙ্গ কর্ত্তিত করিয়াছেন, এবারে সেই কাটা গায়ে নুনের ছিটা দিতে আরম্ভ করিয়াছে এই বিবদমান সম্প্রদায় দুটী।

স্বদেশী আন্দোলন আরম্ভ হয় বঙ্গমাতার অঙ্গচ্ছেদ লইয়া। এই খণ্ডিত বঙ্গের বুকের উপর তখনকার বঙ্গভূমির সেবা যাঁহারা ব্রত বলিয়া গ্রহণ করিয়াছিলেন, তাঁহাদের দেশমাতৃকার সেবার সঙ্গে এই বর্ত্তমান সেবকগণের সেবাপদ্ধতির বড় একটা মিল নাই। তাঁহাদের সংকল্প ছিল কর্ত্তিত বঙ্গের অঙ্গ জোড়া দেওয়া, আর ইঁহাদের সংকল্প কর্ত্তিত মাতৃঅঙ্গের উপরে কর্ত্তৃত্ব করা।

অগ্নিযুগের মাতৃসেবক-গণের মাতৃসেবা পদ্ধতির সহিত ইঁহাদের সেবা পদ্ধতির তুলনা করিলে, পরাধীন দেশের তরুণদিগের নিকটে স্বাধীন দেশের প্রবীণ নেতৃবৃন্দের ত্যাগ তুচ্ছাদপি তুচ্ছ বলিয়া মনে হইবে। সেকালে ক্ষুদিরাম ও প্রফুল্লের মত বালকগণ মায়ের সেবার্থে শত্রুর প্রাণবলি দিতে বিফল মনোরথ হইয়া আত্মবলি দিয়া চিরস্মরণীয় হইয়া গিয়াছেন আর ইঁহারা মায়ের পূজার নৈবেদ্য প্রসাদ লইয়া কাড়াকাড়ি আরম্ভ করিয়া পৃথিবীর সকল দেশের লোকের নিকট হাস্যাস্পদ হইতে চলিয়াছেন।

ইঁহারা আবার পূর্ব্বেকার সেবকবৃন্দকে সহিংস বলিয়া আর নিজেদের অহিংস বলিয়া

"আপনি রাঁধে আপনি খায়
আপনার রান্নায় বলিহারী যায়।"

গতবার কুমার সিং হলে, বাঙলার ভাগ্য বিধাতা বাছাই করার সময়, যে অহিংস মারামারি আরম্ভ করিয়াছিলেন ইঁহারা, তাহাতে মহাত্মাজীর অহিংস পদ্ধতির সুনাম বেশ রক্ষা করিয়াছেন! দেশ জাহান্নামে যাক, দেশের লোক অনাহারে, উলঙ্গ হইয়া অনাবৃত স্থানে বসবাস করুক, ইঁহারা যেন তক্ত আঁকড়াইয়া খোস মেজাজে বাহাল তবিয়তে ভোগের মধ্যে দিন কাটাইয়া ত্যাগী নামে পরিচিত হইতে পারেন, ইহাই উভয় দলের প্রত্যেকের সদুদ্দেশ্য।

দেশের লোকে নেতা সাজিতে পারুক আর নাই পারুক, এ বুদ্ধিটুকু সকলেরই অল্প বিস্তর আছে, যাতে কর্ত্তাদের যে কি মতলব তা না বোঝে এমন বেবুঝ লোক খুব বিরল।

ইঁহারা মাতৃসেবার সেবাইত সাজিয়া "ভূতের বাবার শ্রাদ্ধ" আরম্ভ করিয়াছেন। "ভূতের বাবার শ্রাদ্ধের" গল্পটী বোধ হয় সকলে জানেন না। গল্পটী শুনুন—

এক বনের মধ্যে অসংখ্য ভূতের বাস ছিল। দেশের লোক নেহাৎ না ঠেকলে, সে বনের রাস্তা দিয়া যাতায়াত করিত না। একদিন এক পুরোহিত ব্রাহ্মণ যজমান বাড়ী যাইবার সময় রাস্তা ভুলিয়া সেই বনের মধ্যে আসিয়া পড়িয়াছেন। ব্রাহ্মণকে দেখিয়া ভূতেরা চীৎকার করিয়া উঠিল—"ভাইরে! সেদিন সব বলছিলি আমরা সব বাপের শ্রাদ্ধ করবো। এই দেখ, পুরোহিত যাচ্ছে।" এই বলে ব্রাহ্মণকে ঘিরিয়া ফেলিল। ব্রাহ্মণ প্রাণের দায়ে তাদের পিতৃশ্রাদ্ধে রাজি হইয়া, জিনিস পত্রের এক ফর্দ্দ করিয়া দিলেন। বহু দিনের পতিত শ্রাদ্ধ করিবার দিন করিলেন—আগামী কৃষ্ণপক্ষের একাদশীর দিন। ব্রাহ্মণের ফর্দ্দ মত এক এক দ্রব্যের ভার এক এক ভূত গ্রহণ করিল। দিনের দিন ভূতেরা বোঝা বোঝা কলার পেটো, বোঝা বোঝা কুশ, কলসী কলসী গঙ্গাজল, ভোজ্যের চাল, তরকারী, ফুল, তুলসী আর ব্রাহ্মণ ভোজনের জন্য লুচি, সন্দেশ, ক্ষীর, মাখন, ছানা, ফল ইত্যাদি প্রচুর পরিমাণে বনের মধ্যে জমা করিয়াছে। ব্রাহ্মণকে ১০০টী শুদ্ধাচারী ব্রাহ্মণ নিমন্ত্রণ করিয়া সঙ্গে আনিবার জন্য বলিয়া দিয়াছিল। ব্রাহ্মণ যাকে নিমন্ত্রণ করে সেই ব্রাহ্মণই ভূতের বাবার শ্রাদ্ধে যাইতে স্বীকার করিল না। কাজেই তিনি একাই নির্দ্ধারিত সময়ে বনের মধ্যে ভূতেদের কাছে উপস্থিত হইলেন। ভূতেরা অন্যান্য ব্রাহ্মণের কথা জিজ্ঞাসা করলে পুরোহিত উত্তর করিলেন—শ্রাদ্ধ শেষ হইলেই ঠাকুর সকল যথাসময়ে উপস্থিত হইবেন। ব্রাহ্মণ মনে মনে ভাবছেন—আমি অশূদ্র প্রতিগ্রাহী ব্রাহ্মণ, কখনও শূদ্রের দান পর্য্যন্ত গ্রহণ করি নাই। ভূতেরা কে কোন্ জাতি তার ঠিক নাই। এদের মধ্যে হাড়ি, ডোম, চামার সব জাতিই আছে। জাতধর্ম্ম আর থাকলো না। আবার অন্যান্য ব্রাহ্মণও কেউ নিমন্ত্রণ নিতে রাজি হলো না। আমাকে সমাজে সবাই এক-ঘরে না ক'রে ছাড়বে না। ভোজনের সময় ব্রাহ্মণ কেউ এলো না দেখে বেটা ভূতেরা আমার ঘাড় না মটকায়। শ্রাদ্ধের স্থান পরিষ্কার করে ব্রাহ্মণ সব পেটো সাজিয়ে বলিলেন—আপনাদের মধ্যে কে সকলের প্রধান তিনি আসুন তাঁহারই সংকল্প আগে আরম্ভ করি। অমনি সব ভূতের মধ্যে চীৎকার আরম্ভ হলো। কেউ বলে আমি ব্রাহ্মণ, বৃদ্ধ, আমার বাপের শ্রাদ্ধ আগে হবে। অমনি এক ডোম ভূত বলে—আজ কাল জাত বিজাত নাই আইন হ'য়েছে—সব সমান—আমার বাপের শ্রাদ্ধ আগে আরম্ভ হউক। এমনি ভাবে সব ভূতের মধ্যে চেঁচামেচি তার পর কিলাকিলি আরম্ভ হইল। যে যে ভূত যে যে দ্রব্য আনিয়াছিল সব ফেলিয়া দিল। ব্রাহ্মণ তখন তাদের নিকট বিদায় নিয়ে স্বস্থানে প্রস্থান করিলেন। সেই যে ভূতের মধ্যে কিলাকিলি আরম্ভ হইল—আজও লোকে বলে—ভূত কিলা করবো। ব্রাহ্মণে ভূতের মধ্যে আত্মপ্রসাদ জাগিয়ে দিয়ে নিজের জাত ধর্ম্ম রক্ষা করিলেন। আমাদের বঙ্গমাতার এই সব সেবাইতগণের মধ্যে যাহা আরম্ভ হইয়াছে—তাহাতে ভক্তগণের মাতৃসেবার আগ্রহ যেমন তেমন, এক এক ভক্ত মাতৃসেবার গ্রহ হইয়া উঠিয়াছেন। মনে হয় এঁদের মধ্যে নারদ মুনির আবির্ভাব হইয়াছে। নারদ কোন্দলের দেবতা।

---

## নোটিশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, বহরমপুর জজ আদালতের সীমানার মধ্যে উক্ত আদালতের পূর্ব্বদিকস্থ আন্দাজ ৪।০ চারি বিঘা পতিত জমি আধি বর্গা ভাগে বন্দোবস্ত হইবে। যিনি বা যাঁহারা উক্ত জমি বন্দোবস্ত লইবেন তাঁহাদিগকে নিজ ব্যয়ে উক্ত জমিতে খাদ্য-শস্য অথবা তরিতরকারী অথবা ফল উৎপন্ন করিতে হইবে। যিনি বা যাঁহারা উক্ত জমি

বন্দোবস্ত লইতে ইচ্ছুক তাঁহারা আগামী ১৯শে সেপ্টেম্বর মধ্যে লিখিত ভাবে আবেদন করুন এবং বহরমপুর জজ আদালতের নাজির বাবুর সহিত দেখা করিয়া প্রয়োজনীয় বিবরণ অবগত হউন। যাঁহারা নিজ হাতে চাষ ক‍রেন তাঁহাদের দাবী অগ্রগণ্য হইবে। ইতি সন ১৯৪৯ সাল ৫ই সেপ্টেম্বর।

By order of the Court
R. K. Choudhury
Nazir, District Judge's Court,
Murshidabad.

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৪ই নভেম্বর ১৯৪৯

১৯৪৯ সালের ডিক্রীজারী

২৯৪ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং সোহল বিশ্বাস দিং দাবি ১৪৷৵০ থানা স্থতি মৌজে মহেশাইল ৬৭ শতকের কাত ২৷৵৩ আঃ ১০৲

২৯৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৷৯ মৌজাদি ঐ ২৭ শতকের কাত ১৷৵৫ আঃ ৫৲

৩০৪ থাং ডিঃ ঐ দেং পশুপতি দাস দিং দাবি ২১/৩ মৌজাদি ঐ ৭৫ শতকের কাত ২৸৶১০ আঃ ৫৲

৩২৬ থাং ডিঃ ঐ দেং দুলালচন্দ্র দাস দিং দাবি ২৮৷৷০ মৌজাদি ঐ ২-৮৬ শতকের কাত ৬৷৷৵১১ আঃ ১৫৲

৩২৯ থাং ডিঃ ঐ দেং শশাঙ্কশেখর সরকার দিং দাবি ২৪৷৷৶০ মৌজাদি ঐ ১-৫৮ শতকের কাত ৩৸০ আঃ ১০৲

৩৮৮ থাং ডিঃ ঐ দেং বিফল সেখ দিং দাবি ৪০৷৷৵৩ থানা ঐ মৌজে জলঙ্গাপাড়া ২-৪/শতকের কাত ৩৵০ আঃ ১০৲

৩৯০ থাং ডিঃ ঐ দেং আব্দুল সেখ দিং দাবি ৫০৷৷৬ মৌজাদি ঐ ৩-১ শতকের কাত ৪৷৶০ আঃ ১০৲

৪০০ থাং ডিঃ ঐ দেং সেকান্দার মণ্ডল দিং দাবি ৩৫৸/৬ থানা ঐ মৌজে হাজীপুর ১-১৯ শতকের কাত ১৷৷৶৩ আঃ ৫৲

৪০২ থাং ডিঃ ঐ দেং আশুতোষ সরকার দিং দাবি ৬১৶৯ মৌজাদি ঐ ৪-৫০ শতকের কাত ষোল আনায় ৮৷৷/৭ নিজাংশে ১৷৶১১ আঃ ২৫৲

৩৯৭ থাং ডিঃ ঐ দেং ইদৃস মণ্ডল দিং দাবি ৬৭৻৩ থানা ঐ মৌজে বামুহা ৩-৪২ শতকের কাত ষোল আনায় ৭৷৵৬ নিজাংশে ১৵১১ আঃ ৪০৲

৩৯৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৪৷৷৶৩ মৌজাদি ঐ ৮৬ শতকের কাত ষোল আনায় ১৷৷৵৬ নিজাংশে।৭ আঃ ৫৲

৩৯৯ থাং ডিঃ ঐ দেং হরলাল মণ্ডল দিং দাবি ২৬৸/৩ মৌজাদি ঐ ৯ শতকের কাত ষোল আনায় ১৷৬ নিজাংশে ৵৫ আঃ ৫৲

৪০১ থাং ডিঃ ঐ দেং ইদৃস মণ্ডল দিং দাবি ৩০৻৩ মৌজাদি ঐ ১৸১৻১৭ জমির কাত ষোল আনায় ৸৶৯ নিজাংশে ৶৮ আঃ ৫৲

৫২২ থাং ডিঃ জনাব মহাম্মদ সেকান্দার দেং বিষ্ণুচরণ রায় দিং দাবি ৮৭৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ৫-৯৪ শতকের কাত ১৪৷৷/২ আঃ ৮০৲

৫২৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৷৷৶৬ মৌজাদি ঐ ৫৩ শতকের কাত ১৸১০ আঃ ১০৲

৫০৯ থাং ডিঃ জয়েণ্ট মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং অশ্বিনীকুমার সরকার দাবি ৩৭৷৩ থানা স্থতি মৌজে বাজে গাজিপুর ১০/২৻১২ বিঘার কাত ১১/৩ আঃ ২০৲

৫১০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫১৸৯ মৌজাদি ঐ ৭/০৻৮ বিঘার কাত ৭৸৵৯ আঃ ৩৫৲

৫৫৫ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং ঐ দাবি ১২৵৩ মৌজাদি ঐ ১৷৷৩৻১ বিঘার কাত ১৸৶৯ আঃ ৫৲

৫৫৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷/৯ মৌজাদি ঐ ১৷৷০৻৫ বিঘার কাত ২৷৷৭ আঃ ১০৲

৫৫৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৻৬ মৌজাদি ঐ ৫৷৷৩৻২ বিঘার কাত ৭৷৬ আঃ ২০৲

৫৫৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৻৬ মৌজাদি ঐ ৫/৩৻১০ বিঘার কাত ৫৸/৯ আঃ ১৫৲

৫৭৭ থাং ডিঃ ঐ দেং মুস্তাজ বিশ্বাস দিং দাবি ২২৷৬ মৌজাদি ঐ ১২৻১৬ বিঘার কাত ১৷৵৬ আঃ ১০৲

৫৭৮ থাং ডিঃ ঐ দেং অশ্বিনীকুমার সরকার দিং দাবি ৩৬৵৯ মৌজাদি ঐ ৮৷০৻১২ বিঘার কাত ১০/৩ আঃ ২৫৲

৩৮৯ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং তিনকড়ি দাস দিং দাবি ৬৬৷৵০ থানা স্থতি মৌজে খিদিরপুর ১-৮৫ শতকের কাত ২৸৭ আঃ ৫৲

৫২৩ থাং ডিঃ জনাব মহাম্মদ সেকান্দার দেং জামাত আলি সেখ দাবি ১৬৸৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে খিদিরপুর ৪৮ শতকের কাত ১৷৶৬ আঃ ১০৲

৫২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৷৶০ মৌজাদি ঐ ১২ শতকের কাত ৸০ আঃ ৫৲

৫২৭ থাং ডিঃ ঐ দেং হামেদা খাতুন দাবি ১৬৸৶৯ মৌজাদি ঐ ৫২ শতকের কাত ১৸৶০ আঃ ১০৲

৫২৮ থাং ডিঃ ঐ দেং সুনীতিপ্রিয় পাল দাবি ৩৩৷৷৶৯ মৌজাদি ঐ ১-৮২ শতকের কাত ৪৸/০ আঃ ২৫৲

৫২৯ থাং ডিঃ ঐ দেং হামেদা খাতুন দাবি ১৯/৯ মৌজাদি ঐ ৯২ শতকের কাত ৩৲ আঃ ১০৲

৩২৭ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং আশুতোষ সরকার দিং দাবি ৫৯৸৵৬ থানা স্থতি মৌজে খিদিরপুর ২-১৮ শতকের কাত ৬৷৵১১ আঃ ১০৲

৩৪৯ থাং ডিঃ ঐ দেং রাখালচন্দ্র দাস দিং দাবি ৩৬৸৶৯ মৌজাদি ঐ ১-০৫ শতকের কাত ষোল আনায় ৩৻৪ নিজাংশে ৷৷১ আঃ ৫৲

৩৫০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৭৷৷৶০ মৌজাদি ঐ ৪-২৬ শতকের কাত ষোল আনায় ১১৸৶৩ নিজাংশে ১৸৶৮ আঃ ১৫৲

৬০০ থাং ডিঃ জনাব মহাম্মদ সেকান্দার দেং অর্দ্ধেন্দু শেখর নাথ দিং দাবি ১৫৷৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে খিদিরপুর ৯৪ শতকের কাত /৬ আঃ ৫৲

৫২৫ থাং ডিঃ ঐ দেং কৈলাসচন্দ্র ঘোষ দাবি ৬৭৸৯ থানা ঐ মৌজে সেকন্দরা ৩-৪৯ শতকের কাত ১৫৷৵১ আঃ ৫০৲

৫৩৫ থাং ডিঃ শ্রীনবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং সীতেশচন্দ্র দত্ত দিং দাবি ১৩০৸৵৬ থানা ঐ মৌজে প্রসাদপুর ৪-১০ শতকের কাত ২১৸৬ আঃ ৫০৲ খং ১০৫

৪৫৯ থাং ডিঃ ঐ দেং প্রাণনাথ ঘোষ দিং দাবি ২৫৸০ থানা স্থতি মৌজে আহিরণ ১-৩১ শতকের কাত ৩৸৵৪৷৷০ আঃ ১০৲ খং ৩১২ রায়ত স্থিতিবান

৪৬০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৷৷৵০ মৌজাদি ঐ ৯৯ শতকের কাত ২৷০ আঃ ১০৲ খং ৩৯৭, ৩৯৮ রায়ত স্থিতিবান

৪৬২ থাং ডিঃ ঐ দেং যোগেন্দ্রনাথ দাস দিং দাবি ২৪৻৬ মৌজাদি ঐ ৬০ শতকের কাত ১৸৶০ আঃ ১০৲ খং ১৪০ রায়ত স্থিতিবান

৪৬৩ থাং ডিঃ ঐ দেং শ্রীকাঙ্গলাল দাস দিং দাবি ৩৯৸/৬ মৌজাদি ঐ ১-৬৪ শতকের কাত ৩৷৵৬ আঃ ১০৲ খং ৫১, ১৪১, ২২০ রায়ত স্থিতিবান

[পর পৃষ্ঠা দেখুন।

(পূর্ব্ব পৃষ্ঠার জের)

৪৬৪ খাং ডিঃ নবকুমার সিংহ দুধোবিয়া দিং দেং গৌরাঙ্গিনী দাসী দিং দাবি ১৯৭৮/৯ মৌজাদি ঐ ৯-৫৪ শতকের কাত ২২৬ আঃ ৮০৲ খং ৭০ অধীনস্থ খং ২২১ হইতে ২২৮ রায়ত স্থিতিবান

৪৬৬ খাং ডিঃ ঐ দেং বলাই দাস দিং দাবি ২২৮৵০ মৌজাদি ঐ ৬৬ শতকের কাত ১৮৬ আঃ ১০৲ খং ৯৩ রায়ত স্থিতিবান

৪৬৮ খাং ডিঃ ঐ দেং যোগেন্দ্রনাথ দাস দিং দাবি ২৮৵০ মৌজাদি ঐ ৯২ শতকের কাত ২।৶৯ আঃ ১০৲ খং ৩৮৬ রায়ত স্থিতিবান

৪৭১ খাং ডিঃ ঐ দেং প্রাণনাথ ঘোষ দিং দাবি ৩০৸৴০ মৌজাদি ঐ ২-২৫ শতকের কাত ৫॥৵১১ আঃ ১০৲ খং ৩৩৬ রায়ত স্থিতিবান


৪৭২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫২৮৵০ মৌজাদি ঐ ৪-৪৪ শতকের কাত ১৩৲ আঃ ২০৲ খং ২৪৮ রায়ত স্থিতিবান

৪৭৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৮॥৶৩ মৌজাদি ঐ ৪-৩৫ শতকের কাত ১১।৶৮ আঃ ২০৲ খং ১১৭, ৪৪৮ রায়ত স্থিতিবান স্বত্ব

৪৭৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৯৷/০ মৌজাদি ঐ ৩৩-৪৪ শতকের কাত ৯৩॥৵৩ আঃ ১০০৲ খং ২৭২ অধীনস্থ খং ২৭৩, ২৭৪ ১২১ রায়ত স্থিতিবান স্বত্ব

৪৭৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৷৶০ মৌজাদি ঐ ১-০১ শতকের কাত ২৸/০ আঃ ১০৲ খং ৯২ রায়ত স্থিতিবান স্বত্ব


জীবন বীমা করা
আপনার সব চেয়ে
বড় দায়িত্ব
মেট্রোপলিটন
ইন্সিওরেন্স কোং লিঃ
হেড অফিস—১১, ক্লাইভ রো
কলিকাতা
এজেণ্ট চাই
জঙ্গীপুরের পল্লী অঞ্চলের জন্য
অনুসন্ধান করুন।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত